

📖 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৭৬. ঈদের প্রচলন কীভাবে শুরু হয়?

রাসূলুল্লাহ (সা.) যখন মক্কা থেকে মদীনায় হিজরত করলেন তখন মদীনাবাসীদের মধ্যে বিশেষ দু'টি দিবস ছিল, সে দিবসে তারা খেলাধুলা করতো। রাসূলুল্লাহ (সা.) জিজ্ঞেস করলেন, এ দু'টি দিনের তাৎপর্য কী? মদীনাবাসীরা উত্তর দিল, আমরা জাহেলী যুগ থেকে এ দুদিনে খেলাধুলা করে আসছি। তখন রাসূলে কারীম (সা.) বললেন, আল্লাহ রাক্বুল আলামীন এ দুদিনের পরিবর্তে এর চেয়েও উত্তম দু'টি দিন তোমাদেরকে দান করেছেন। আর সেই দিন দু'টি হলো: ঈদুল আযহা ও ঈদুল ফিতর। (নাসাঈ: ১৫৫৬, আবু দাউদ: ১১৩৪)।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=15261>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন